মিরপুরে সংঘর্ষ-ভাঙচুরের মামলায় গ্রেপ্তার ২০



ছবি: সংগৃহীত

মিরপুর-১০ এলাকায় সংঘর্ষ ও ভাঙচুরের ঘটনায় চারটি মামলা হয়েছে। ট্রাফিক বক্স ও পুলিশের গাড়ি ভাঙচুরের ঘটনায় মিরপুর মডেল থানায় তিনটি মামলা করা হয়েছে। এ ছাড়া সিটি কর্পোরেশনের ট্রাকে আগুন দেওয়ার ঘটনায় কাফরুল থানায় আরেকটি মামলা হয়েছে।

বৃহস্পতিবার (১ অক্টোবর) পুলিশ সূত্রে এসব তথ্য জানা গেছে। এসব মামলায় এখন পর্যন্ত ২০ জনকে আটক করা হয়েছে।

এর মধ্যে গতকালের ঘটনার সঙ্গে জড়িত থাকার সন্দেহে এবং ফের ফুটপাতে দোকান বসানোর চেষ্টা করার অভিযোগে বৃহস্পতিবার সকালে মিরপুর-১০ এলাকায় অভিযান চালায় পুলিশ। এ সময় আরও ৭ থেকে ৮ জনকে আটক করা হয়েছে বলে জানা গেছে।

এদিকে সকাল থেকে মিরপুর-১০ এলাকায় পরিস্থিতি অনেকটাই শান্ত ছিল। বেশিরভাগ ফুটপাত হকারমুক্ত থাকায় রাস্তায়ও মানুষের চলাচল স্বাভাবিক ছিল। যানবাহন কম থাকায় পথচারী ও যাত্রীরা তুলনামূলক স্বস্তিতে চলাচল করছেন।

LENS ASIA